

❏ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালাহীন)

হাদিস নাম্বারঃ ৯৯৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ৯৯০]

৭/ সফরের আদব-কায়দা (كتاب آداب السفر)

পরিচ্ছেদঃ ১৭৯: কোনো মহিলার একাকিনী সফর করা হারাম

(179) بَابُ تَحْرِيمِ سَفَرِ الْمَرْأَةِ وَحْدَهَا

আরবী

وَعَنْ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا: أَنَّهُ سَمِعَ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، يَقُولُ: « لَا يَخْلُونَ رَجُلٌ بِامْرَأَةٍ إِلَّا وَمَعَهَا ذُو مَحْرَمٍ، وَلَا تُسَافِرُ الْمَرْأَةُ إِلَّا مَعَ ذِي مَحْرَمٍ ». فَقَالَ لَهُ رَجُلٌ: يَا رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، إِنَّ امْرَأَتِي خَرَجَتْ حَاجَةً، وَإِنِّي اكْتَتَبْتُ فِي غَزْوَةٍ كَذَا وَكَذَا ؟ قَالَ: « انْطَلِقْ فَحُجَّ مَعَ امْرَأَتِكَ ». متفقٌ عَلَيْهِ

বাংলা

২/৯৯৭। ইবনে আব্বাস রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছেন যে, "কোন পুরুষ যেন কোন বেগানা নারীর সঙ্গে তার সাথে এগানা পুরুষ ছাড়া অবশ্যই নির্জনতা অবলম্বন না করে। আর মাহরাম ব্যতিরেকে কোন নারী যেন সফর না করে।"

এক ব্যক্তি আবেদন করল, 'হে আল্লাহর রাসূল! আমার স্ত্রী হজ্জ পালন করতে বের হয়েছে। আর আমি অমুক অমুক যুদ্ধে নাম লিখিয়েছি।' তিনি বললেন, "যাও, তুমি তোমার স্ত্রীর সঙ্গে হজ্জ কর।" (বুখারী ও মুসলিম) [1]

* যার সাথে চিরতরে বিবাহ হারাম তাকে মাহরাম বা এগানা বলা হয়; তার সাথে সফর বৈধ। বাকী যার সাথে কোনও সময় বিবাহ বৈধ, তাকে গায়র মাহরাম বা বেগানা বলা হয়। তার সাথে সফর করা বৈধ নয়; এমনকি হজ্জের সফর হলেও নয়।

English

(179) Chapter: Prohibiting Woman from Traveling Alone

Ibn 'Abbas (May Allah be pleased with them) reported:

The Prophet (ﷺ) said, "No man must not be alone with a woman except in

the presence of her (Mahram). No woman should travel except in company of a (Mahram)." A man said: "O Messenger of Allah! I have been enrolled for such and such expedition, and my wife left for Hajj." He (ﷺ) said to him, "Go and perform Hajj with your wife."

[Al- Bukhari and Muslim].

Commentary: This Hadith proves that under no circumstance woman may travel alone. The Shari`ah strictly bans a meeting of this kind between two opposite sexes. Even if nothing objectionable happens, a mischievous person may exploit this situation and talk about them slanderously. Families disregardful of Hijab provide instances of illicit relationship between a man and a woman related to each other.

ফুটনোট

[1] সহীহুল বুখারী ৩০০৬, ১৮৬২, ৩০৬১, ৫২৩৩, মুসলিম ১৩৪১, ইবনু মাজাহ ২৯০০, আহমাদ ১৯৩৫, ৩২২১

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=24030>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন